দৈনিক বাংলা.

52

তারিখ ... 9 DEC 1989 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ...

# পরিকল্পিত শিক্ষা

শিক্ষার সঙ্গে সম্পদের সম্পর্ক যে খুব ঘনিষ্ঠ তা টের পাওয়া যায় সম্পদশালী দেশগুলির ব্যবস্থার দিকে তাকালে। উন্নত দেশগুলির শিক্ষা সম্পর্কিত পরিকল্পনা আমাদের জন্যেও অনুসরণীয় হতে পারে। অতীত বর্তমান থেকে ভবিষ্যৎ পর্যন্ত শিক্ষা সম্পর্কিত সুষ্ঠু পরিকল্পনা উন্নয়নের চাবিকাঠি, কারণ শিক্ষা মানুষকে বিজ্ঞানমনস্ক করে, উদ্ভাবনী শক্তি জোগায় এবং সঠিক পথে চলতে শেখায়।

সম্প্রতি যুক্তরাষ্ট্রের এক জরীপে দেখা গেছে সেখানে বিদেশী শিক্ষক সংখ্যা বাড়ছে। শিক্ষকের ঘাটতি এর কারণ বলে মনে করা হচ্ছে। আগামী দশকে এই ঘাটতি আরো প্রকট হবে বলে আশংকা করা হয়েছে। হিসাব করে দেখা গেছে ১৯৯০-এর দশকে আমেরিকায় হাজার হাজার শিক্ষকের অভাব দেখা দেবে। এই পরিস্থিতিতে যুক্তরাষ্ট্র সরকার আগে ভাগেই শিক্ষক ঘাটতি পূরণের পরিকল্পনা গ্রহণ করেছেন।

আমাদের দেশে বর্তমান এবং ভবিষ্যৎ সম্পর্কে এ ধরনের পরিকল্পনার অভাব আছে। বিশেষ করে পরিসংখ্যানের ক্ষেত্রে আমরা বেশ খানিকটা পিছিয়ে আছি। মাঝে মাঝে আমরা শিক্ষকের পদ খালি পড়ে থাকার অথবা শিক্ষকদের বিদেশে অবস্থানের খবর পাই। শূন্যপদ পূরণের জন্য আমাদের বিদেশী শিক্ষকের ওপর নির্ভর করার প্রয়োজন হবে না। সে সামর্থ্যও আমাদের নেই। আমাদের বিশাল জনশক্তিকে শিক্ষিত করে তোলা হলে দেশের চাহিদা মেটাবার সামর্থ্য আমাদেরই হবে। উচ্চশিক্ষিত বেকারের সংখ্যা দেশে কম নয়। বিভিন্ন কার্যক্ষেত্রে সমন্বয়ের অভাব থাকায় এবং সামগ্রিক পরিস্থিতির একটা পরিকল্পিত চিত্র আমাদের সামনে না থাকায় আমরা কিছু বিশৃংখলা এড়াতে পারি না। একদিকে শিক্ষিত মানুষ চাকরি খুঁজে হয়রান হচ্ছেন, দারোয়ানের পোস্ট খালি হলে ডিগ্রীধারীরা পর্যন্ত দরখাস্ত করছেন, অন্যদিকে শিক্ষকের পদশূন্য থাকছে।

উন্নত দেশগুলির সবকিছুই হয়ত ভাল বা অনুকরণীয় নয়। তবে যে পথে তাদের সাফল্য এসেছে সেপথ অনুসরণে বাধা নেই নিশ্চয়ই। সম্পূর্ণ পরিকল্পিত একটা শিক্ষাব্যবস্থা আমাদের উন্নয়নেও সহায়ক হবে নিশ্চয়ই।